আজকের কাগজ

তারিখ ... 19 MAY 1994 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

৪৩

# প্রাথমিক শিক্ষকদের বয়স প্রমার্জনে বিধি লংঘন

শহীদুজ্জামান ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে সরকারি কর্মচারি বিধি লংঘনের অভিযোগ উঠেছে।

সম্প্রতি প্রাথমিক শিক্ষা অধিদফতর থেকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের বরাবরে এক চিঠিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের প্রমার্জনের জন্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে ক্ষমতা দেয়া হয়েছে। এতে বলা হয়, "এখন হইতে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তিনিই প্রাথমিক বিদ্যালয় শিক্ষক/শিক্ষিকাদের বয়স প্রমার্জনের আদেশ জারি করিবেন।"

এ আদেশ সরকারি কর্মচারি বিধিমালার তৃতীয় পরিচ্ছেদের ৮ অনুচ্ছেদের পরিপন্থী বলে অভিযোগ উঠেছে। উক্ত বিধিতে বয়স প্রমার্জনের ক্ষমতা দেয়া হয়েছে সংশ্লিষ্ট বিভাগের প্রধানকে।

সূত্র দাবি করেছে বিধি, লংঘন করে উক্ত রূপ আদেশের ফলে প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের বয়স প্রমার্জনে বিশৃংখলা ও অনিয়ম দেখা দেবে।